



সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে শ্রেণি প্রতিনিধিদের সঙ্গে প্রশাসনিক
ও আর্থিক দায়িত্বপ্রাপ্ত অধ্যাপকের মতবিনিময়**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) প্রত্যেক সেশনের শ্রেণি প্রতিনিধি ও কোর্স কো-অর্ডিনেটরদের সঙ্গে সভা করেছেন প্রশাসনিক ও আর্থিক দায়িত্বপ্রাপ্ত জ্যেষ্ঠ অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম। আজ মঙ্গলবার (৩ সেপ্টেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) সেমিনার কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় শ্রেণি প্রতিনিধিরা শ্রেণি কার্যক্রম ও পরীক্ষাসহ বিভিন্ন বিষয়ে তাদের প্রত্যাশার কথা জানান। সে আলোকে কোর্স কো-অর্ডিনেটরগণ তাদের পর্যবেক্ষণ ও পরিকল্পনার কথা জানান। এ সময় জ্যেষ্ঠ অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম শিক্ষার্থী প্রতিনিধিদের প্রত্যাশা ও কোর্স কো-অর্ডিনেটরদের পর্যবেক্ষণের আলোকে বিভিন্ন সিদ্ধান্ত ও সার্বিক দিক নির্দেশনা প্রদান করেন। সভায় উপস্থিত ছিলেন নোবিপ্রবি বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ আতিকুর রহমান ভূঞা ও রেজিস্ট্রার (চলতি দায়িত্ব) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী।

উল্লেখ্য, ৫ ধাপে অনুষ্ঠিত এ সভায় ৩১টি বিভাগ ও ২টি ইনস্টিটিউটের শ্রেণি প্রতিনিধি ও কোর্স কো-অর্ডিনেটরগণ অংশ নেয়।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইলঃ ০১৭৩৩৯৯৮৮৭৪